

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.০০.০২০.১৫-১৭৭


তারিখ: ০১ চৈত্র, ১৪৩২
১৫ মার্চ, ২০২৬

বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৬ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল ফিতরের ছুটিতে অবৈধ মাদক ব্যবসার প্রসার রোধ ও আইনশৃঙ্খলা পরিস্থিতি রক্ষায় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বলা হলো।

- ১। পবিত্র ঈদ-উল ফিতরকে কেন্দ্র করে মাদক ব্যবসায়ীরা যাতে মাদক অপরাধ সংক্রান্ত অপতৎপরতা চালাতে না পারে সেলক্ষ্যে তার আওতাধীন অঞ্চল/জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়/বিশেষ জোন এবং বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সমন্বয়ে মাদকবিরোধী অভিযান জোরদার করতে হবে।
- ২। আলামতখানার নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। স্ব-স্ব অধিক্ষেত্রাধীন চিহ্নিত মাদক স্পট, হোটেল/রেস্তোরাঁসমূহে নজরদারি জোরদার করতে হবে।
- ৪। পারমিটধারী মদ্যপায়ী (দেশি/বিদেশি) ব্যতীত অন্য কোন গ্রাহক যাতে মদ্য জাতীয় পানীয় ক্রয়/সেবন করতে না পারে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৫। অনুমোদিত সময়ের পরে দেশী মদের/বিদেশী মদের দোকানগুলো যাতে খোলা না থাকে এবং কোনো প্রকার অসামাজিক কার্যকলাপ না ঘটে সে বিষয়ে নজরদারী বৃদ্ধি করতে হবে।
- ৬। কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক কোনভাবেই যাতে ভেজাল মদ তৈরি বা বিক্রি করতে না পারে, তা নিশ্চিতকরণে নজরদারীসহ অভিযান অব্যাহত রাখতে হবে।
- ৭। ছুটিকালীন অপারেশনাল ফোর্স এর কার্যক্রম যেন কোন ভাবেই ব্যাহত না হয় তা সংশ্লিষ্ট জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়/বিশেষ জোন কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা নিশ্চিত করবেন।
- ৮। স্ব-স্ব কার্যালয় কর্তৃক টিম গঠনপূর্বক টিমের কর্মসূচি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে হবে।

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/
সিলেট/রংপুর/ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা


১৫. ০৩. ২০২৬
(মোঃ বশির আহমেদ)
অ্যাডিশনাল ডিআইজি
পরিচালক (অপারেশনস্)
ফোন: ০২-২২৬৬৬৪৪০৫

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ৩। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। অফিস কপি